মা দুর্গার মর্ত্তে আগমন।

বৈকালের দিকে সহরের দুচারটা রাস্তায় রোঁদ দেওয়া আমার কেমন একটা অভ্যাস। Corporationএর পার্কের দিকে বড় ঘেঁসিতে সাহস হয় না—একটু লাজুক মানুষ আমি। বিগত শারদিয়া পঞ্চমীর দিনও কিঞ্চিৎ 'টহল' দেবার উদ্দেশ্যে একটু বাহির হইয়াছিলাম। বেড়াইতে বেড়াইতে Amherst Street এবং Harrison Roadএর জংসনেব দিকেই যাইতেছিলাম। রাস্তায় বেশ একটু একটু ভিড় অনুভব করিতে লাগিলাম। যতই জংসনের নিকটবর্ত্তী হইতেছিলাম, ভিড় যেন বাড়িতেছিল। কৌতুহল হওয়াটা বাংলাদেশের আব্‌হাওয়ায় যারা পরিবর্দ্ধিত তাদের স্বভাবধর্ম্ম। খর্ব্বাকৃতি হইলেও সমস্তক নাক উর্দ্ধে উৎক্ষিপ্ত করিয়া ব্যাপার কি দেখিবার সবিশেষ চেষ্টা করিলাম। এমন সময় বিশাল জনতা যে যে দিকে পাইল ছুটিতে সুরু করিয়া দিল। গড্ডালিকা প্রবাহের মত আমিও দিধা বা সঙ্কোচ বোধ না করিয়া পৃষ্ঠফিরাইলাম এবং এক ছুটে একেবারে বৌবাজারের মোড়—কারণ "চাচা আপন প্রাণ বাঁচা।" পরে বুঝিলাম লালপাগড়ির লাঠি এই অনর্থের মূল। লোকপরম্পরায় ব্যাপারটা কি আবিষ্কার করিবার প্রবল ইচ্ছা সত্ত্বেও স্বভাবসুলভ লাজুকতার আবরণ ভেদ করিয়া কাহাকেও জিজ্ঞাসা করিবার সাহস কুলাইল না। রাস্তার 'পবলিকেব' কর্ণাকর্ণি হইতে এই পর্য্যন্ত তথ্য সংগ্রহ করিলাম যে স-সাঙ্গোপাঙ্গ দুর্গামাতা নাকি কৈলাস হইতে Darjeeling Mail শিয়ালদহ পৌছাইয়া-লেন। অতঃপর শ্রদ্ধানন্দ পার্ক পর্য্যন্ত আসিবার পর পুলিশ

তাঁহাদের গতিরোধ করে এবং কলিকাতায় Section 144 প্রবল থাকায় বে-আইনী জনতা বলিয়া জনতা ছত্রভঙ্গ করিবার জন্য লাঠি চালায়। এ হেন ব্যাপারের details জানিবার জন্য মনটা নেহাৎ খুঁৎখুঁৎ আরম্ভ করিল। নানা কারণে বৌবাজার ঘুরিয়া কলেজ ষ্ট্রীটে পৌঁছাইতে না পৌঁছাইতে শুনিলাম Hawker চড়কীবাজীকেও হার মানাইয়া হাঁকিতেছে — "Advance" "Telegraph বাবু", "বড়া খবর" "মা দুর্গা গ্রেপ্তার," "Telegraph," "Telegraph বাবু।" তাড়াতাড়ি পকেট হইতে একটা আনি বাহির করিয়া একখানা কাগজের জন্য হাত বাড়াইলাম। সে ব্যাটা একখানা কাগজ হাতে গুজিয়া দিয়া 'আমার আনিটা পকেটস্থ করিয়া নিমেষমধ্যে চড়কীবাজীর মত উধাও। একবার হাঁকিলাম "এই ব্যাটা, পয়সা ফেরৎ।" ব্যাটা তখন কলিকাতা ছাড়িয়া অন্তর্ধ্যান করিয়াছে।

যাক্, Economicsএ Consumers' Surplus জিনিষটা মনোযোগ সহকারেই অধ্যয়ন করিয়াছিলাম। আজ Theoryটা কাজে ফলাইলাম, চার পয়সা কেন, তস্য চতুর্গুণ দিতেও এক্ষেত্রে কুণ্ঠিত হইতাম না কারণ—"বড়াখবর!"

Advanceএ বড় বড় Typeএ উপরে লেখা—

LATHI CHARGE ON CROWD

Ma Durga and Eight others arrested

শ্বাসরোধ করিয়া পড়িয়া গেলাম :—

It is reported that Ma Durga arrived this noon at the Sealdah Stn. from Kailas by the Darjeeling Mail with her two sons, two daughters, two servants a lion and an ox. She finished launch at the

Restaurant in the Stn. and was proceeding along the Harrison Rd. on foot. A big crowd collected at her heels and when the party arrived near Sardhanenda Park the Police obstructed their passage. The crowd was asked to disperse but Ma Durga not complying, the Police begarn to charge the crowd with lathis. The crowd gradually dispersed, The constables made a cordon round the party and subsequently she with her party was put under arrest and sent up to Lalbazar and was remanded to police constody pending further enquiry.

পরদিন প্রাতে যথারীতি "বঙ্গবাণীতে" উঠিল—"মা দুর্গা ও তাঁহার সহচরদিগকে উক্ত বিভাগের Deputy Commissionerএর কাছে উপস্থাপিত করা হইয়াছিল। জামিনে খালাস হইতে অস্বীকৃত হওয়ায় স-সিংহ-বৃষভ-নন্দী-ভৃঙ্গী-কার্ত্তিক-গণেশ-সরস্বতী-লক্ষ্মী-শ্রী শ্রীমাদুর্গা Lalbazar lock upএ রাত্রি কাটাইয়াছেন। অদ্য পুলিশ Charge-Sheet দাখিল করিবে।

(পরবর্ত্তী সংবাদ)

Darjeelingএর Special Branchএর পুলিশ গতরাত্রে প্রায় ১২টার সময় কৈলাসে দেবাদিদেব মহাদেবের বাসা খানাতল্লাস করিয়াছে। প্রায় চারি ঘণ্টা কাল খানাতল্লাসী হইয়াছিল। শুনা যাইতেছে বোমা নির্ম্মাণের দুই চারিটি দ্রব্য পাওয়া গিয়াছে। দেবাদিদেবকেও কড়াপুলিশের পাহারায় কলিকাতায় চালান দেওয়া হইয়াছে।

বড়ই উৎকণ্ঠায় রাত্রি কাটাইলাম। হায়! হায়! কথাটা জ্ঞাতসারে অজ্ঞাতসারে কেবলই মুখ দিয়া বাহির হইতে লাগিল। সে রাত্রে Hunger Strike করিলাম। নির্জ্জলা দুগ্ধ ছাড়া আর কিছুই খাইবার প্রবৃত্তি হইল না। ভোরের আলো জান্‌লার ফাঁকে উঁকি মারিবার আগেই উঠিয়া একেবারে হাজির হইলাম College Streetএ। তখন Hawker হাঁকিতেছে—"বড়া খবর বাবু, মাইজীর খবর।" Hawkerকে লোকগুলো ঘিরিয়া দাঁড়াইয়াছে—মৌচাকে মধুলোভী মৌমাছির মত। পূর্ব্বের মত অসাবধানী Hawker আবার পাশ না কাটায় এই ভয়ে ভাঙ্গান পয়সা সঙ্গে আনিয়াছিলাম। পত্রিকা পাইয়াই একেবারে তুফান-মেলের বেগে বাসায় হাজির হইলাম।

বঙ্গবানী লিখিয়াছে—

"মা দুর্গার বিরুদ্ধে তিনটী অভিযোগ।
সদলবলে মা দুর্গা দণ্ডিত—
মা দুর্গা পক্ষ সমর্থন করেন নাই।
অদ্য দুইটায় রায় প্রদত্ত হইবে।" — পরে লেখা—

গতকল্য ১১টার সময় আলিপুর Special Tribunalএর President Mr. Danielএর এজলাসে মাইজীর বিচার আরম্ভ হয়। কোর্টের সান্নিধ্যে কড়া পুলিশ প্রহরী ও সসস্ত্র গুর্খা প্রহরী মোতায়েন রাখা হইয়াছিল। কেবলমাত্র সংবাদপত্রের প্রতনিধি-গণকে বিশেষ পর্য্যবক্ষনের পর প্রবেশ করিতে দেওয়া হয়। ১১টা বাজিবার ৫ মিনিট আগে Prison Vanএ করিয়া দেবাদিদেব ও মাদুর্গা ও তাঁহার সঙ্গীদিগকে কোর্টে আনায়ন করা হয়।

কোর্টের বাহিরে বিক্ষুব্ধ বিশাল জনতা তখন মুহুর্মুহুঃ "বন্দেমাতরম্" ধ্বনিতে আকাশ ফাটাইয়া ফেলে। গজাননকে এ বোঝা আইন-পুস্তক লইয়া প্রবেশ করিতে দেখা যায়। Presidentএর দক্ষিণ দিকে আসামীগণের প্রত্যেকের জন্য একখানা করিয়া চেয়ারের বন্দোবস্ত ছিল। পশুরাজকে গলায় চেন বাঁধিয়া ও বৃষভকে গলায় রজ্জু বাঁধিয়া কোর্টের বাহিরে পুলিসের হেপাজাতে রাখা হইয়াছিল।

সরকারী পক্ষের উকীল ছিলেন রায় বাহাদুর শ্রীভজগোবিন্দ শর্ম্মা। আসামীপক্ষ কোন উকীল নিযুক্ত করেন নাই।

সরকারী উকিল মোকদ্দমা আরম্ভ করিবার পূর্ব্বে কহিতে আরম্ভ করিলেন "আসামীগণের বিরুদ্ধে তিনটি অভিযোগ উপস্থাপিত করা হইয়াছে। প্রথম অভিযোগ ১৪৪ ধারা (members of an unlawful assembly) ভঙ্গের অভিযোগ আসামীগণ যে ইচ্ছাপূর্ব্বক আইন অমান্য করিবার জন্যই দল বাঁধিয়া মিছিল করিয়া যাইতেছিল তাহার যথেষ্ট প্রমাণ পাওয়া গিয়াছে। কলিকাতায় ১৪৪ ধারা বলবৎ থাকায় মিছিল বা সভাসমিতি হওয়া নিষিদ্ধ ইহা জানিয়াও তাঁহারা আইন ভঙ্গ করিয়াছেন। আসামী-গণের বিরুদ্ধে দ্বিতীয় অভিযোগ ভারতীয় দণ্ডবিধির ১৮৬ ধারা (obstructing a public servant in his duty) অনুসারে। ইহা প্রকাশ পাইয়াছে যে ঘটনাস্থলে পুলিস যখন চক্রাকারে আসামীগণকে পরিবেষ্টন করিয়াছিল এবং তাঁহারা যে গ্রেফ্তার হইয়াছেন এ কথা বলা সত্ত্বেও আসামীগণের অন্যতম বৃষভ বল-প্রকাশ পূর্ব্বক বৃত্তাকার শৃঙ্খল ছিন্ন করিতে চেষ্টা করিয়াছিল। এবং মিছিল-নেত্রীকেও অপরাপর আসামীগণকে উক্ত কার্য্যে প্ররোচিত করিতে শুনা গিয়াছিল। অতএব কর্ম্মনিযুক্ত সরকারী কর্ম্মচারির

কর্ম্মে বাধাপ্রদানের জন্য ইহাঁদের বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির ১৮৬ ধারা অনুসারে অভিযোগ রুজু করা সঙ্গত হইয়াছে। আসামীগণকে বিরুদ্ধে তৃতীয় অভিযোগ ১১৭ ধারা অনুসারে (abetment of the commission of crime) ইহা সুস্পষ্টই অনুমেয় যে আসামীগণ ভারতেশ্বরের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত ছিলেন এবং সেইজন্যই রাজদ্রোহ প্রচারের জন্য সুদূর কৈলাস হইতে এখানে আগমন করিয়াছেন। অধিকন্তু দেবাদিদের মহাদেব নামক অন্যতম আসামীর গৃহ খানাতল্লাসী করিয়া বোমা প্রস্তুতের মাল মসলা পাওয়া গিয়াছে, ইহা প্রকাশ। কোর্টের সমক্ষে শীঘ্রই সেই সমস্ত সরঞ্জাম উপস্থাপিত করা হইবে।

রায় বাহাদুর আসন করিলে উক্ত বিভাগের Deputy Commissioner তাঁহার জবানবন্দী আরম্ভ করেন। জবানবন্দীতে তিনি বলেন যে তিনি ঘটনাস্থলে উপস্থিত ছিলেন এবং আসামীগণ যে বলপ্রকাশ করেন তাহার সাক্ষ্য প্রদান করেন। বৃষভ একটি শ্বেতাঙ্গ সার্জ্জেণ্টের কি দুর্দ্দশা করিয়াছে তাহা তিনি কহিলেন এবং কোর্টের সমক্ষে উক্ত শেতাঙ্গকে উপস্থিত করাইয়াছিলেন। ইহার পরে Darjeeling C. I. D. বিভাগের জনৈক কর্ম্মচারীর সাক্ষ্য গ্রহণ করা হয়। বোমা তৈয়ারীর যে সব সাজসরঞ্জাম কৈলাসে খানাতল্লাসী করিয়া পাওয়া যায় তাহা তিনি একে একে বর্ণনা করিলেন। তিনি যথাক্রমে একটি কলিকা, একটি দেশলাই, কিছু নারিকেল-ছোবড়া, একটি খল ও একটি নুড়ি কোর্ট সমক্ষে প্রদর্শন করেন।

অতঃপর সরকারের Explosive specialist Mr. Bambford এর জবানবন্দীতে প্রকাশ পাইল যে, উক্ত সাজসরঞ্জাম বোমার মালমসলা নহে। উহা কেবলমাত্র গাঁজা খাইবার ও সিদ্ধি খাইবার

সরঞ্জাম মাত্র। কোর্টমহলে ভীষণ হাসির ধূম পড়িয়া গিয়াছিল।

ইত্যবসরে সরস্বতীঠাকরুণকে একখানি একখানি করিয়া আইন পুস্তক নাড়াচাড়া করিতে দেখা গিয়াছিল। পূজনীয় গজানন স্বীয় শুণ্ডাগ্রদ্বারা ভগিনীকে পুস্তক আনয়ন অপনয়ন বিষয়ে সহায়তা করিতেছিলেন। অতঃপর আরো দুইচার জন সাক্ষীর জবানবন্দী গ্রহণ করা হয়।

আসামী পক্ষ আত্মপক্ষ সমর্থন করেন নাই। তবে সরস্বতী দেবী নিম্নলিখিত বিবৃতি প্রদান করেন মাত্র।

"সরকারী উকিল যে সমস্ত অভিযোগ আমাদের বিরুদ্ধে উপস্থাপিত করিয়াছেন তাহার সত্যতা আমি মোটেই স্বীকার করি না। আমাদের উদ্দেশ্য কোনক্রমেই রাজনৈতিক ছিল না। অন্যান্য বৎসরের ন্যায় এবারেও মর্ত্ত্যধামে পূজাউপলক্ষে আগমন করিয়াছিলাম মাত্র। কলিকাতায় যে ১৪৪ ধারা বলবৎ আছে তাহা Reuter প্রমুখাৎ অবগত ছিলাম কিন্তু তাহা যে কেবল রাজনৈতিক মিছিল বা সভাসমিতি বিষয়েই প্রযোজ্য ইহা সহজেই অনুমেয়। যে কোন মিছিল, জনতা' সভা, সমিতিই যদি বে-আইনী হয় তবে কলিকাতায় প্রত্যেক গাঁজার আড্ডা এবং open-air market ই বে-আইনী বলিয়া ঘোষিত হওয়া উচিত। অধিকন্তু শ্বেতাঙ্গ সার্জ্জেণ্টরা যখন দলে দলে পালে পালে আইন ও শৃঙ্খলা রক্ষার নামে ১৪৪ ধারা অবমাননা করিয়া ঘুরিয়া বেড়ান, তখন ১৪৪ ধারা প্রযোজ্য হয় না কেন? অধিকন্তু আমাদের বাহন সিংহ ও বৃষ সঙ্গে থাকায় আমরা Taxi বা অন্য কোন যানে যাওয়া সুবিধাজনক বিবেচনা না

করিয়া পদব্রজেই চলিতেছিলাম। আমাদের রাজনৈতিক উদ্দেশ্য কিছু ছিল না। আমরা সম্পূর্ণ নির্দ্দোষ।"

অতঃপর কোর্টের কার্য্য শেষ হয়। অদ্য ২টার সময় রায় প্রদত্ত হইবে।

সেদিন বিকালে আবার Evening Edition এর আশায় বেলা দুইটার সময়ই মাথাফাটান সূর্য্যকে Care না করিয়াই College St এ উপস্থিত হইলাম। চারিটার সময় Hawker এর চিরপরিচিত স্বর কর্ণকুহরে প্রবেশ করিল।

"Liberty" র Edition খানা হাতে পাইয়াই শ্বাসরুদ্ধ করিয়া পড়িয়া ফেলিলাম—

Ma Dugra and 6 others get one year's R. I. each.
Three discharged.

Judgment was delivered at 2 P. M. to-day by Mr. Daniel in the case against Ma Durga and others. The judgment comprised 120 pages of printed matter, Ma Durga, Saraswati, Luxmi, Ganesh, Kartic and the two menials got one year's R. I. each, According to the first charge each was sentenced to undergo 6 modths R. I. and for each of the two latter charges each got one year's R. I. The sentences will run concurrently. The President discharged the lion on the ground that a lion is Symbolic of the British Lion and cannot hence he imprisoned. The bull was discharged as John Bull is another name for an English-

man. He was let off with a warning. And Mr. Mahadeva was let off since in the opinion of the court it appeared that Mahadeva still encourages the consumption of 'ganja' and 'Siddhi' even in these days of boycott of excise goods.

The President recommended them to 'A' class considering the social status of the accused."

সে রাত্রে আর খাওয়া হইল না। আবার Hunger Strike করিলাম। সপ্তমীর দিন ভোরের নহবতের ভৈরবী বাজিয়া উঠিল। আমি আর বিছানা হইতে মুখ তুলিলাম না।

একাদশীর দিন খবর পাইলাম এবার স্বয়ং মাদুর্গার উপস্থিতিতে Central Jail এ সার্ব্বজনীন দুর্গোৎসব সম্পন্ন হইয়াছে। তবে এবারে কচি কচি ছাগনন্দনের আস্বাদ মা দুর্গা পান নাই। জেলে রক্তপাত নাকি জেল-আইন বিরুদ্ধ।

শ্রীবিভূতি ভূষণ ভট্টাচার্য্য
চতুর্থ বার্ষিক শ্রেণী। কলা বিভাগ।